



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন -১
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০৫০.২৪.৪২৭

তারিখ: ২২ বৈশাখ ১৪৩১

০৫ মে ২০২৪

বিষয়: রিট পিটিশন নং ৪০৩৮/২০২৪ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুল ও আরজি মোতাবেক দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঙ্গিক সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্র প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ৪০৩৮/২০২৪-এর ২৭/০৩/২০২৪ খ্রি. তারিখের রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শেরপুর জেলার সদর উপজেলার চরপক্ষীমারী ইউনিয়নের আওতাধীন ছামাদ বাজার অস্থায়ীভাবে ইজারা প্রদান সংক্রান্ত হাট-বাজার ইজারা দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের বিষয়ে পিটিশনার জনাব মো. আলমগীর কবির সংস্কৃদ্ধ হয়ে মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ৪০৩৮/২০২৪ দায়ের করেন। মাননীয় হাইকোর্ট বিভাগ উপর্যুক্ত দরপত্র বিজ্ঞপ্তির কার্যকারিতা ০৩(তিন) মাস পর্যন্ত স্থগিত করেন। এ মোকদ্দমায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং, জেলা প্রশাসক, শেরপুর-কে ২নং এবং উপজেলা নির্বাহী অফিসার, শেরপুর সদর, শেরপুর-কে ৬নং প্রতিপক্ষসহ মোট নয় জনকে প্রতিপক্ষ করা হয়েছে।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ৪০৩৮/২০২৪ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুল ও আরজি মোতাবেক দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঙ্গিক সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্র সত্যায়িত করে দুই সেট পত্র প্রাপ্তির অনধিক ১৫(পনের) কার্যদিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা। (8877/potrojariAttachmentRef/53884/0/2240)

৫-৫-২০২৪

পুরবী গোলদার

সিনিয়র সহকারী সচিব (রুটিন দায়িত্ব)

ফোন: ০২৫৫১০০৯৯৫

ইমেইল: lglaw1@lgd.gov.bd

জেলা প্রশাসক

জেলা প্রশাসকের কার্যালয়, শেরপুর

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০৫০.২৪.৪২৭/১(৫)

তারিখ: ২২ বৈশাখ ১৪৩১

০৫ মে ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন -২, স্থানীয় সরকার বিভাগ
- ২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা (চলতি দায়িত্ব), অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



৫-৫-২০২৪

পূর্বী গোলদার

সিনিয়র সহকারী সচিব (ব্লুটিন দায়িত্ব)